বাকেরগঞ্জ উপজেলা পরিষদের অক্টোবর ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ মোহাম্মদ শামসুল আলম<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>বাকেরগঞ্জ, বরিশাল। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| সভার তারিখ | ঃ ১৪ অক্টোবর ২০২১ |
| সময় | ঃ সকাল ১১.০০ ঘটিকা |

উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সভায় কোভিড-১৯ এর অবস্থা সম্পর্কে সভায় অবহিত করেন । তিনি সভায় আরো জানান যে দেশে বর্তমানে কোন টিকার সমস্যা নেই। গণটিকা কার্যক্রম চলাকালীন যাতে কোন বিশৃংখলা না হয় সে জন্য সকলের সহযোগীতা কামনা করেন । | পৌর মেয়র সহ সকল ইউনিয়ণ চেয়ার ম্যান গণকে টিকার নিবন্ধন করার জন্য জনগণকে উৎসাহিত করার জন্য অনুরোধ জানানো হয় । |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিগত আগস্ট/২০২১ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরনী সিদ্ধান্তের আলোকে ইনভেন্টরি তালিকা প্রস্তুত পূর্বক গত ৩০/১০/২০২১ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকার উপজেলা পরিষদ হলরুমে উন্মুক্ত নিলাম ডাক অনুষ্ঠিত হয়। ৬৫ জন ক্রেতা উন্মুক্ত নিলাম ডাকে অংশ গ্রহন করেণ। নিলাম কমিটি সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসার, বাকেরগঞ্জকে অনুরোধ করেন ।<br>নিলাম কমিটির সিদ্ধান্তের আলোকে সর্বোচ্চ দরদাতা জনাব হারুন খান পিতাঃ আঃ রহমান খান, সাহেবগঞ্জ, বাকেরগঞ্জ কে কার্যাদেশ প্রদান করা হয় । প্রকাশ্যে নিলামে বিক্রয়কৃত মালামালের বিক্রয়লব্দ অর্থ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয় । | নিলাম সম্পাদনের জন্য ধন্যবাদ প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে,তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে । তিনি সভায় আরো জানান যে, পুরাতন জরাজীর্ন ভবন অপসারনের জন্য ইতিপূর্বে উপজেলা পরিষদের সাধারণ সভায় প্রাক্কালন তৈরি করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়েছিল । উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলিত মূল্য নিম্নরূপ ঃ<br>০১। পুরাতন ভিএস কোয়ার্টার -৫০,৪২৩/-<br>০২। কম্পাউন্ডার কোয়ার্টার ২৬, ৮০৪/-<br>০৩। এফ এ( এ আই) কোয়ার্টার- ৩০,০১৭/-<br>০৪। লাইভষ্টক অফিস ভবন- ৫৪,৬৮৫/-<br>০৫। কার্ড সেড- ১৬, ১৬৫/-<br>সর্ব মোট- ১৭৮০৯৪/- (এক লক্ষ আটাত্তর হাজার চুরানব্বই) টাকা | উপজেলা প্রকৌশলী বাকেরগঞ্জ এর প্রক্কলিত মূল্য মোতাবেক পরিত্যক্ত ভবন ৫টি নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তকে অনুরোধ জানানো হয় । |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে । তিনি সভায় আরো জানান যে, মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম/ ২১ বাস্তবায়নের লক্ষ্যে নদীতে ও হাট বাজারে নিয়মিত অভিযান চলছে এবং এ মাসের ২৫ তারিখ পর্যন্ত এ অভিযান চলবে । এ ছাড়া আগামী ১লা নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত ১০ ইঞ্চির নীচের ইলিশ | মা ইলিশ সংরক্ষণ ও জাটকা নিধন প্রতিরোধে সকল ইউনিয়ন চেয়ারম্যান গণকে সহযোগীতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । |

| | | |
|---|---|---|
| | অর্থাৎ জাটকা নিধন প্রতিরোধ অভিযান চলবে । এ ব্যাপারে তিনি সকলের সকলের সহযোগিতা কানা করেন | |
| ৫। প্রকৌশল বিভাগ | ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় বাকেরগঞ্জ উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম গত জানুয়ারী ২০২১ ইং তারিখে সংশ্লিষ্ট ঠিকাদারের অনুকুলে কার্যাদেশ প্রদান করা হয় । বিভিন্ন সময় উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রস্তাবিত নির্মান স্থল পরিদর্শন করেন ।পরিষদের সম্মুখে ফাঁকা জায়গায় প্রধান সড়ক (UZR সড়ক) এর দিক সম্মুখ রেখে নির্মানের মতামত প্রদান করেন । এ বিষয়ে সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো ।<br>খ) বাকেরগঞ্জ গোবিন্দপুর হাট সড়কের( আইডি নং-৫০৬০৭২০০২) এর ডিসি রোড খেয়াঘাটে দীর্ঘ দিন যাবৎ দুইটি ইউনিয়নের হাজার হাজার মানুষ এবং পাশ্ববর্তী বাউফল উপজেলার আংশিক অংশের জনগণ জীবনের ঝুকি নিয়ে নদী নদী পার হচ্ছে । শুধুমাত্র শুধুমাত্র একটি খেয়া ঘাটের উন্নয়ন সম্ভব হলে হাজার হাজার ভুক্তভোগী জনগণের খেয়া পারাপার উন্নত তর সহ জীবন যাপন সহজতর হবে । বিষয়টি অদ্য সভায় উপস্থাপিত হলো ।<br>গ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা চেয়ারম্যান, বাকেরগঞ্জ মহোদয়ের বাসভবন মূল উপজেলা পরিষদ থেকে কিছু দূরত্বে আলাদা স্থানে উপজেলা ক্যাটাগরী সড়কের পার্শ্বে অবস্থিত। বাসভবনটি নতুন নির্মিত নিরাপত্তা ও সৌন্দর্য বর্ধনের জন্য বাউন্ডারী ওয়াল নির্মান প্রয়োজন । উক্ত স্থানের পরিমাপপূর্বক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে । সভায় সিদ্ধান্ত গৃহীত হলে অনুমোদনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা যেতে পারে । প্রাক্কলিত ব্যয় ১৭,৩৫,১২০/- ( সতেরো লক্ষ পঁয়ত্রিশ হাজার একশত বিশ) টাকা । | ক) বাকেরগঞ্জ উপজেলা কমপ্লেক্সে সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম পরিষদের সম্মুখ ভাগে এবং উপজেলা সড়ক (UZR) এর দিকে Front রেখে নির্মান কাজ শুরুর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>খ) ডিসি রোডের খেয়াঘাট উন্নয়নের জন্য CRRIP, LGED প্রস্তাব প্রেরণ এবং বাকী অংশ UGDP, JICA থেকে উন্নয়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>গ) উপজেলা পরিষদ চেয়ারম্যান বাকেরগঞ্জ, বরিশাল মহোদয়ের বাউন্ডারী ওয়াল নির্মান জরুরী হওয়ায় প্রাক্কলিত ব্যয় ১৭,৩৫,১২০/- ( সতেরো লক্ষ পঁয়ত্রিশ হাজার একশত বিশ) টাকা অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার বাকেরগঞ্জ বাকেরগঞ্জ উপজেলাধীন নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের অনুকুলে (২০২১-২২) অর্থ বছরের জন্য এককালীন অনুদান প্রদানের নিমিত্তে প্রাপ্ত আবেদনপত্র যাচাই- বাছাই পূর্বক সুপারিশ সহকারে জেলা সমাজসেবা কার্যালয় প্রেরণ করা হয়েছে । প্রান্তিক জনগোস্টির জীবন মান উন্নয়নে কার্যক্রমের জরিপকাজ সম্পন্ন হয়েছে । এর পরও যদি কেহ জরিপথেকে বাদ পরে তাদেরকে অন্তর্ভুক্ত করা হবে এর জন্য সকল জন প্রতিনিধিদের সহযোগিতা একান্ত প্রয়োজন এবং ২০২১-২০২২ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা প্রদান কার্যক্রমের তালিকা এখন পর্যন্ত সকল ইউনিয়ন থেকে পাওয়া যায় নাই । যে সকল ইউনিয়ন চেয়ারম্যানগণ তালিকা প্রদান করেন নাই তাদেরকে দ্রুত তালিকা প্রদানের জন্য বিশেষ ভাবে অনুরোধ জানানো হয় । যথাসময় তালিকা তালিকা পাওয়া না গেলে ভাতা প্রদানে জটিলতার সৃষ্টি হয়।<br>আর এস এস ঘুর্নায়মান তহবিল কার্যক্রমে বিভিন্ন প্রকল্পভূক্ত গ্রামে ঋন বিতরনের জন্য স্কীম পাওয়া গিয়াছে । স্কীমগুলি যাচাই বাছাইপূর্বক ঋন বিতরনের জন্য সকল সংশ্লিষ্ট সদস্যদের সহযোগিতা কামনা করছি । | এ বিষয়ে আলোচনান্তে সুষ্ঠ ও সুন্দরভাবে যাতে ভাতা কার্যক্রম চলমান থাকে সে বিষয়ে সচেতন থাকার অনুরোধ জানান। প্রতিবন্ধী জরিপ কার্যক্রমে কোন প্রতিবন্ধী যাতে বাদ না পরে সে বিষয় সহোযোগীতা করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় । |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | করোনার কারনে ছাত্র/ ছাত্রীদের লেখাপড়ার যে ক্ষতি হয়েছে তা পুষিয়ে নেয়ার জন্য শিক্ষা প্রতিষ্ঠানে তদারকি বৃদ্ধির জন্য অনুরোধ জানানো হয় । |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | শিক্ষার মান বৃদ্ধির লক্ষে সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে পালন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| ১০। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।তিনি সভায় আরো জানান যে, বাকেরগঞ্জ উপজেলার বি আরডিবি অফিসের বিভিন্ন প্রকল্প কর্মসূচীতে মোট ১৪১.৭০ লক্ষ টাকা মাঠে সদস্যদের নিকট খেলাপী ঋনের টাকা পাওনা রয়েছে । উক্ত টাকা আদায়ের জন্য ইতিমধ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহনকরা সত্বেও তেমন সুফলজনক ভাবে আদায় হচ্ছেনা। সরকারি উন্নয়ন কার্যক্রমের চাকা ঘুরা নির্ভর করে সরকারি খেলাপী ঋন আদায় কার্যক্রমের উপর । তাই আজকের সাধারণ সভায় সন্মানীত সকল চেয়ারম্যান মহোদয় সহ সংশ্লিষ্ট সকলকে খেলাপী ঋন আদায় কার্যক্রমে সকলের সহযোগীতা কামনা করেন । | খেলাপী ঋন আদায়ে সহযোগিতা করার জন্য মেয়র ও সকল ইউনিয়ন চেয়ারম্যাগণকে অনুরোধ জানানো হয় এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ১১। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কাজগুলো দ্রুত শেষ করার জন্য অনুরোধ জানানো হয় । |
| ১২। উপজেলা সমবায় বিভগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কাজ কর্ম সঠিকভাবে চলছে । কোন সমস্যা নেই । | এ বিষয় আলোচনান্তে দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয় । |
| ১৩। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান আছে । ১ম পর্যায়ের কাবিখা টি আর কর্মসূচির কাজ জেলা থেকে অনুমোদন সাপেক্ষে ইউনিয়ন সমূহকে প্রকল্প বাস্তবায়ন যথাযথভাবে সম্পন্ন করার অনুরোধ জানান । | সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। |
| ১৪। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে হত দরিদ্রদের জন্য নির্মিত আবসনে ১৩টি গভীর নলকূপ কাজ প্লাটফরম সহ সম্পন্ন করা হইয়াছে এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্ধকৃত (২০২০-২০২১) গভীর নলকূপ স্থাপন কাজ দ্রুত গতিতে চলছে । ১০টি প্রাথমিক বিদ্যালয় ওয়াশ ব্লক নির্মান কাজ চলমান আছে এ ছাড়াও ১৩ টি প্রাথমিক বিদ্যালয় মালটি পাস গভীর নলককূপ স্থাপনের কাজ চলছে । | চলমান কাজগুলো দ্রুত শেষ করার জন্য অনুরোধ জানানো হয় । |
| ১৫। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ আর্থিক সালে বাকেরগঞ্জ উপজেলার নলুয়া ইউনিয়নে পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত নবানখালী বাজার হতে মীরা বাড়ি এবং আফালকাঠী বাজার হতে সোনামদ্দিন বাড়ি পর্যন্ত ৫.০০ কি মি বনায়ন করা হবে ।<br>উপজেলা বন কর্মকর্তা সভায় আরো জানান যে, বাকেরগঞ্জ উপজেলা লাইসেন্স বিহীন করাতকল পল্লী বিদ্যুৎ সংযোগ নিয়া করাতকলগুলো পরিচালনা করছে । লাইসেন্স বিহীন করাতকলের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য সভাপতি মহোদয়ের মাধ্যমে জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি বাকেরগঞ্জকে অনুরোধ জানান । গারুরীয়া ইউনিয়ন পরিষদ এবং কলসকাঠি ইউনিয়ন পরিষদের দ্বিতীয় আবর্তনের কিছু গাছ কর্তন করা হবে । মাননীয় প্রধানমন্ত্রীর পুরস্কার ১০ টি ক্যাটাগরিতে আবেদন আগামী ৩০ শে নভেম্বরের মধ্যে করতে হবে । তারা পাইতা খালের ব্রীজের অ্যাপ্রোসের আহরিত কাঠ হিসাবে জরুরী ভিত্তিতে ৬৪ টি গাছ কর্তন করা হবে । | এ বিষয় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত রাস্তায় চারা রোপনের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং ব্রীজের কাজ সম্পাদনের স্বার্থে বিধি মোতাবেক গাছগুলি অপসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় । |
| ১৬। উপজেলা আনসারভিডিপি বিভাগ | উপজেলা আসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান তার দপ্তরের দাপ্তরিক কার্যাবলী যথা নিয়মে চলছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা-কে অনুরোধ জানানো হয়। |
| ১৭। উপজেল খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য অফিসার সভায় জানান যে, তার দপ্তরটি একটি জরাজীর্ন পুরাতন টিনের ঘরে অবস্থিত । যার মেঝে দেবে গিয়ে মাটি বের হয়ে গিয়েছে । দরজা জানালা ভেংগে গিয়েছে । ঝড় বৃষ্টির সময় পানি পরে দাপ্তরিক প্রয়োজনীয় নথি পত্র নষ্ট হয়ে যায় । এ ছাড়াও যে কোন সময় ঘরটি ভেংগে পরে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে । তাই অফিসটি স্থানান্তরের করার জন্য উপজেলা পরিষদের মধ্যে কম পক্ষে ২টি কক্ষ বরাদ্দের জন্য অনুরোধ জানান । | আপাতত উপজেলা পরিষদের মধ্যে কোন খালী কক্ষ নেই । উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনের কাজ শেষ হলে দুইট কক্ষ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় । |

| | | |
|---|---|---|
| বিবিধ | ক) উপজেলা ডেভেলমেন্ট ফ্যাসিলিটেটর( ইউডিএফ) সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ণ প্রকল্প, বাকেরগঞ্জ, বরিশাল ২০২০-২০২১ অর্থবছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিম্ন লিখিত ৭টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প এবং ১টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প গ্রহণ করা হয়েছে । | বিস্তারিত আলোচনান্তে প্রকল্পগুলি অনুমোদনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট সহ প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটে (পিএস ইউ) তে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । |
| | খ) উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, তার এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের ছাদ দিয়ে পানি পড়ার কারনে অফিসের আসবাবপত্রসহ রং নষ্ট হয়ে গেছে। তাই কক্ষ দুইটির ছাদে প্যাটেন স্টোন এবং কক্ষ দুইটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উপজেলা প্রকৌশলী বাকেরগঞ্জ কক্ষ দুইটি মেরামতের জন্য ২,০০,০০০/- টাকার প্রাক্কলণ সভায় উপস্থাপন করেন । | খ) সভায় বিস্তারিত আলোচনান্তে কক্ষ দুইটি মেরামতের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রকেশলী কর্তৃক দাখিলকৃত প্রাক্কলন অনুমোদন করা হয় এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । |
| | গ) শুদ্ধাচার কৌশল ২০২০-২০২১ কর্মপরিকল্পনা করা হয়েছে। ইহা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয় । . | গ) সভায় বিস্তারিত আলোচনান্তে উহা অনুমোদন করা হয় এবং জেলায় প্রেরণের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । |

সভায় অন্য কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.১৬-৮৮৯

তারিখ ঃ ১৪ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।
৭। উপজেলা.................................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৮। চেয়ারম্যান...........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

১৪.১০.২০২১
(মাধবী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল ।